মনিটরিং সেল

মনিটরিং সেল

মনিটরিং সেল রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের আর্থিক সংশ্লেষ সম্পর্কিত যাবতীয় বিষয়াদি যেমনঃ বাজেট প্রণয়ন ও মনিটরিং, সংস্থাসমূহের মূলধন পুনর্বিন্যাস, পুরস্কার/শাস্তি স্কিম পরীক্ষা, ভর্তুকি, ঋণ, স্ব-অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের আর্থিক সম্ভাব্যতা পরীক্ষা ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত/মতামত প্রদান করে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে মনিটরিং সেল কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট প্রণয়ন

- ৪৫টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বিপরীতে ২৫০৩.৮৩ কোটি টাকা লভ্যাংশ ধার্যপূর্বক বাজেট অনুমোদন
- রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের অনুকূলে ১২৯৭৯.৪৬ কোটি টাকা মূলধন প্রয়োগ
- যে সকল প্রতিষ্ঠানের অনুকূলে উল্লেখযোগ্য মূলধন প্রয়োগ করা হয় এদের মধ্যে অন্যতম প্রতিষ্ঠান হলো: পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা ওয়াসা, খুলনা ওয়াসা, মংলা বন্দর কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ রেশম বোর্ড ইত্যাদি।

ঋণ/গ্যারান্টি

- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক রাষ্ট্রীয় চুক্তির আওতায় সার আমদানির লক্ষ্যে সোনালী এবং জনতা ব্যাংক হতে Loan against Trust Receipt (LTR) ঋণ গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়ের কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির বিষয়ে মতামত প্রদান

ভর্তুকি

- কৃষি, কৃষি ভিত্তিক শিল্প ও সার আমদানির অর্থায়নের উপর ভর্তুকি প্রদান সংক্রান্ত কার্যক্রম
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশনের অনুকূলে ভর্তুকি বাবদ বরাদ্দ তহবিল হতে অর্থ ছাড়করণ

মূলধন বিনিয়োগ (স্ব-অর্থায়ন)

২০১৬-১৭ অর্থবছরে ১৫টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের অধীনে ৩৯টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক ছাড়পত্র/Liquidity Certificate প্রদান করা হয়। তন্মধ্যে -

- গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে ৭টি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনুকূলে ২টি ও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউক) এর অনুকূলে ২টিসহ মোট ১১টি প্রকল্প
- নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে ৩টি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশনের অনুকূলে ৩টি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের অনুকূলে ১টি এবং মংলা বন্দর কর্তৃপক্ষের অনুকূলে ১টিসহ মোট ৮টি প্রকল্প
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিপিসি এবং বিপিসি'র অধীন অঙ্গ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ২টি, পেট্রোবাংলার অধীন কোম্পানিসমূহের অনুকূলে ৮টি সহ মোট ১০টি প্রকল্প
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনুকূলে ২টি প্রকল্প
- বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুকূলে ৪টি প্রকল্প
- প্রধানমন্ত্রীয় কার্যালয়ের আওতাধীন বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অনুকূলে ১টি প্রকল্প
- বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদশে জুট মিলস কর্পোরেশনের অনুকূলে ১টি প্রকল্প
- সেতু বিভাগের আওতাধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অনুকূলে ১টি প্রকল্প
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি) এর অনুকূলে ১টি প্রকল্প

নগদ সহায়তা প্রদান

- Vosta LMG-Karnafuly Joint Venture Consortium Ltd. কে প্রত্যক্ষ রপ্তানির ন্যায় রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা সুবিধা প্রদানে অসম্মতি জ্ঞাপন
- সাভারে চামড়া শিল্প নগরীতে স্থানান্তরিত শিল্প প্রতিষ্ঠান হতে ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান
- দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে নগদ সহায়তা প্রদান
- আগর ও আতর রপ্তানিতে নগদ সহায়তা প্রদান
- হাড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান
- গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ ইত্যাদি (হাড় ব্যতীত) রপ্তানিতে নগদ সহায়তা প্রদান
- টেরি টাওয়েল এন্ড লিনেন রপ্তানিতে "নতুন পণ্য/ নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা" প্রদানে বাংলাদেশ টেরি টাওয়েল এন্ড লিনেন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিটিটিএলএমইএ) নাম প্রত্যায়নের জন্য অন্তর্ভুক্তকরণ
- শস্য ও শাক সবজি বীজ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান
- পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান
- নগদ সহায়তা সংক্রান্ত অন্যান্য কার্যাদি

অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলী

- ২০১৬-১৭ অর্থবছরে আখ মাড়াই মৌসুমে চিনিকলগুলোর উৎপাদন কার্যক্রম পরিচালনা,আখ ক্রয় ও চাষিদের আখের মূল্য পরিশোধ এবং শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতাদিসহ উৎপাদন সংশ্লিষ্ট খরচসমূহ পরিশোধের নিমিত্ত চলতি মূলধন যোগান হিসেবে দাবিকৃত ভর্তুকি ও ট্রেড গ্যাপ সমন্বয়ের শর্তে ন্যূনতম ৩০০.০০ কোটি টাকা মঞ্জুর ও ছাড়করণ
- পাট খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ২০০ কোটি টাকার পুন: অর্থায়ন স্কীম (Refinance Scheme) বৃদ্ধি করে ২০০০ কোটি টাকায় উন্নীত ও সুদের হার ২% করার বিষয়ে মতামত প্রদান
- কাঁচাপাট রপ্তানিকারকদের বিরাজমান সমস্যাদি সমাধানের লক্ষ্যে বিভিন্ন দাবি-দাওয়া সংক্রান্ত আবেদন এর বিষয়ে মতামত প্রদান
- পাটকলসমূহের সিসি ব্লক ঋণের আসল ও সুদ পরিশোধের মেয়াদ ৫ বছরের পরিবর্তে ১০ বছর করার বিষয়ে মতামত প্রদান
- বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর অনুকূলে বেতন ভাতা খাতে সাহায্য মঞ্জুরি (জিওবি) বরাদ্দ প্রদান প্রস্তাবের উপর মতামত প্রদান
- সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপিত সার আমদানি, বিভিন্ন চুক্তি, স্থানীয় ক্রয়সহ নানাবিধ বিষয়ের উপর মতামত প্রদান

বিবিধ

- "হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান এক্সপোর্ট কার্গো এপ্রোনের উত্তর দিকে এপ্রোন সম্প্রসারণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত "হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জেনারেল এভিয়েশন হ্যাঙ্গার, হ্যাঙ্গার এপ্রোন এবং ফায়ার স্টেশনের উত্তর দিকে এপ্রোন নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর নিজস্ব অর্থে বাস্তবায়নের নিমিত্ত "Construction of 4 Nos. Multistoried Factory Buildings at Chittagong EPZ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর আওতাধীন ইস্টার্ন রিফাইনারী লিমিটেড (ইআরএল) কর্তৃক বাস্তবায়িতব্য "FEED Services for the Installation of ERL Unit-2" শীর্ষক প্রকল্পের টিপিপি'র উপর মতামত প্রদান
- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর আওতাধীন পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওএল) কর্তৃক বাস্তবায়িতব্য "Feasibility Study for Pipeline from Chittagong to Dhaka" শীর্ষক স্টাডি/সার্ভে প্রকল্পের উপর মতামত প্রদান
- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত "কর্ণফুলী নদীর সদরঘাট হতে বাকলিয়া চর পর্যন্ত ড্রেজিং-এর মাধ্যমে নাব্যতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান

- কেডিএ কলেজকে ১০০.০০ লক্ষ টাকা সুদবিহীন ঋণ প্রদানের বিষয়ে মতামত প্রদান
- কৃষি ভিত্তিক ও পোলট্রি শিল্পে ব্যবহৃত বিদ্যুৎ বিলের ২০% রিবেট বাবদ নিরীক্ষিত হিসাব অনুযায়ী জুলাই/২০১৫ হতে জুন/২০১৬ পর্যন্ত সময়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পাওনা ১০০.৮০ কোটি টাকা কৃষি মন্ত্রণালয়ে সার ও অন্যান্য কৃষি কার্যক্রম খাতে বরাদ্দকৃত অর্থ হতে সংস্থার অনুকূলে অর্থ ছাড় করার বিষয়ে মতামত প্রদান
- ২০১৬-১৭ অর্থবছরের অনিরীক্ষিত হিসাব অনুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পাওনা ১২১.১৭ কোটি টাকার মধ্যে ৫০% অর্থাৎ ৬০.৫৮ কোটি টাকা সংস্থার অনুকূলে ছাড়করণের বিষয়ে মতামত প্রদান
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ এর বাংলা সংস্করণে অন্তর্ভুক্তির জন্য ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত তথ্যাদি/উপাত্ত হালনাগাদকরণ
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬ এর ইংরেজি সংস্করণে অন্তর্ভুক্তির জন্য জুন, ২০১৬ পর্যন্ত তথ্যাদি/উপাত্ত হালনাগাদকরণ
- বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে প্রধান কার্যালয় ও ইউনিটি সমূহের জমি অধিগ্রহণ/ক্রয় খাতে বরাদ্দকৃত ১০০০.০০ লক্ষ টাকা হতে ৫০০.০০ লক্ষ টাকা বেনাপোল স্থলবন্দর পেট্রাপোল আইসিপি এর সংযোগ সড়ক নির্মাণ কাজের বর্ধিত ব্যয় উপযোজনক্রমে সংশোধিত বাজেটে ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখার বিষয়ে মতামত প্রদান
- বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচ্যুইটি, ছুটি নগদায়ন ও অন্যান্য পাওনা পরিশোধের জন্য ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত সময়ে গ্রাচ্যুইটি, ছুটি নগদায়ন, বেনাভোলেন্ট ফান্ড এবং যৌথ বীমা বাবদ সর্বমোট ২০.৩৯ কোটি টাকা কর্পোরেশনের অনুকূলে ঋণ/অনুদান প্রদানের বিষয়ে মতামত প্রদান
- পেট্রোবাংলার আওতাধীন সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) কর্তৃক বাস্তবায়িতব্য Work-over of 4 wells (Kailastila-1, Beanibazar-1, Rashidpur-2 and Rashidpur-6) under Sylhet Gas Fields Limited (SGFL) শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- পেট্রোবাংলার আওতাধীন সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) কর্তৃক বাস্তবায়িতব্য Reviewing of 3D Sesmic Survey Data and Reports of Sylhet (Haripur), Kailastila and Rashidpur Structures of Sylhet Gas Fields Limited শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- পেট্রোবাংলার আওতাধীন বড়পুকুড়িয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল) কর্তৃক বাস্তবায়িতব্য Feasibility study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur, Bangladesh শীর্ষক study/সার্ভে প্রকল্পের উপর মতামত প্রদান
- Techno-economic Feasibility Study and Engineering Service for Construction of Land Based LNG Terminal at Moheskhali and Kutubdia, Cox's Bazar and Payra, Patuakhali শীর্ষক প্রকল্পের উপর মতামত প্রদান
- পেট্রোবাংলার আওতাধীন কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল) কর্তৃক বাস্তবায়িতব্য Construction of Gas Pipeline Project for Mirsarai Economic Zone, Chittagong শীর্ষক প্রকল্পের উপর মতামত প্রদান
- Rehabilitation of Gardner Denver E-1100 (IPS)Rig শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- রূপকল্প-৫ খনন প্রকল্প: ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল-নর্থ-১, মোবারকপুর সাউথ ইস্ট-১), ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৪) এবং ১টি ওয়ার্কওভার (বেগমগঞ্জ-৩) শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বিজিএফসিএল কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "তিতাস, হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ গ্যাস ফিল্ডে ৭টি কূপের ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বাপেক্স কর্তৃক জিডিএফ অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "২-ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- বাপেক্স কর্তৃক প্রস্তাবিত "রূপকল্প -৯ ২ডি সাইসমিক প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর মতামত প্রদান
- পেট্রোবাংলা কর্তৃক বাস্তবায়িতব্য Reserve Update And Reservoir Management Project শীর্ষক প্রকল্পের PFS'র উপর মতামত প্রদান
- বাংলাদেশ ভারত অভ্যন্তরীণ নৌ-পথ অতিক্রমন ও বাণিজ্য প্রোটোকলের আওতায় নির্দিষ্ট দুটি নৌ-পথ সংরক্ষণে ভারত সরকার কর্তৃক সংরক্ষণ চার্জ বাবদ প্রদত্ত অর্থ ব্যয়ে সম্মতি প্রদান
- বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত ও ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলিত মূলধন ব্যয় বাজেটের উপর মতামত প্রদান

- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত এবং ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলিত মূলধন বাজেটের উপর মতামত প্রদান
- কল্যাণ ব্যাংকের ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত ও ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের উপর মতামত প্রদান
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত ও ২০১৬-১৭ অর্থবছরের প্রাক্কলিত মূলধন খাতের প্রস্তাবিত বাজেট বরাদ্দের উপর মতামত প্রদান
- কর্মসংস্থান ব্যাংক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর বাজেট এর উপর মতামত প্রদান